# ৩৭তম বিসিএস লিখিত পরীক্ষা

বিষয় কোড : ০০১ ও ০০২

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা; পূর্ণমান : ২০০

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

বিষয় কোড : ০০১

নম্বর

১. নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন : ৬ × ৫ = ৩০

ক. দৃষ্টান্তসহ দ্বিরুক্ত শব্দের সংজ্ঞার্থ লিখুন। প্রত্যেক প্রকার দ্বিরুক্ত শব্দের দৃষ্টান্তসহ পরিচয় দিন।

খ. অব্যয় পদ কাকে বলে? উদাহরণসহ বিভিন্ন প্রকার অব্যয়ের পরিচয় লিপিবদ্ধ করুন।

গ. নিচের বাক্যগুলোর শুদ্ধরূপ লিখুন :

১. যে সমস্ত শিক্ষার্থী লেখাপড়ায় অমনযোগী সে সমস্ত শিক্ষার্থীরাই পরীক্ষায় অকৃতকার্য হয় বেশি।

২. আপনি স্বপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।

৩. তার পরশ্রীকারতা দেখে আমি মুগ্ধ।

৪. আজ রাতে বজ্রপতনের সম্ভাবনা আছে।

৫. তোমার মত ব্যক্তির পক্ষে সদাসর্বদা কৃপণতা করা লজ্জাস্কর।

৬. জৈষ্ঠ্য মাসে তার সর্বজেষ্ঠ্য ছেলের বিয়ে হয়।

ঘ. নিচের প্রবাদ-প্রবচনের সাহায্যে অর্থপূর্ণ বাক্য লিখুন :

হরিষে বিষাদ, সুলুক সন্ধান, মন না মতি, সোনার কাঠি রূপোর কাঠি, ঘুঁটে পোড়ে গোবর হাসে, বিড়ালের ভাগ্যে শিকে ছেঁড়া।

ঙ. নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন :

১. যে ভিক্ষা চায়, তাকে দান কর। (সরল)

২. ভালোবাসার দানে কোনো অপমান নেই। (অস্তিবাচক)

৩. যেহেতু গাড়ি আসে নাই, সেহেতু আমরা বিশ্রাম নিতে পারি। (যৌগিক)

৪. আজ চাঁদ উঠেছে। (নেতিবাচক)

৫. বাংলাদেশ দলের লক্ষ্য ইংল্যান্ড দলকে অল-আউট করা। (জটিল)

৬. জীবনানন্দ দাশ বাংলাদেশে জন্মেছেন। (প্রশ্নবোধক)

২. ভাব-সম্প্রসারণ করুন : ২০

ক. জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট– মুক্তি সেখানে অসম্ভব।

অথবা

খ. কালচার সমাজতান্ত্রিক নয়, ব্যক্তিতান্ত্রিক।

৩. সারমর্ম লিখুন : ২০

ক. ‘বরং নিজেই তুমি লেখোনাকো একটি কবিতা–’
বলিলাম ম্লান হেসে; ছায়াপিণ্ড দিলো না উত্তর;
বুঝিলাম সে তো কবি নয়– সে যে আরূঢ় ভণিতাঃ
পাণ্ডুলিপি, ভাষ্যটীকা, কালি আর কলমের, ’পর
ব’সে আছে সিংহাসনে– কবি নয়-অজর, অক্ষর

অধ্যাপক; দাঁত নেই– চোখে তার অক্ষম পিঁচুটি;
বেতন হাজার টাকা মাসে– আর হাজার দেড়েক
পাওয়া যায় মৃত সব কবিদের মাংস কৃমি খুঁটি;
যদিও সে-সব কবি ক্ষুধা প্রেম আগুনের সেঁক
চেয়েছিলো– হাঙরের ঢেউয়ে খেয়েছিলো লুটোপুটি।

অথবা

খ. ধর্মের মতো মতবাদও মনের জগতে লেফ্ট-রাইট করতে শেখায়। ধার্মিকের জীবন নিয়ন্ত্রণ করে ভয় আর পুরস্কারের লোভ। সংস্কৃতিবান মানুষের জীবনে ও সবের বালাই নেই। তারা সবকিছু করে ভালোবাসার তাগিদে। সত্যকে ভালোবাসা, সৌন্দর্যকে ভালোবাসা, ভালোবাসাকে ভালোবাসা-বিনা লাভের আশায় ভালোবাসা, নিজের ক্ষতি স্বীকার করে ভালোবাসা– এরি নাম সংস্কৃতি। তাই ধার্মিকের পুরস্কারটি যেখানে বহুদূরে থাকে, সংস্কৃতিবান মানুষ সেখানে তার পুরস্কারটি পায় হাতে হাতে, কেননা, কাজটি তার ভালোবাসার অভিব্যক্তি বলে তার আনন্দ, আর আনন্দই তার পুরস্কার। সে তার নিজের স্বর্গটি নিজেই সৃষ্টি করে নেয়। বাইরের স্বর্গের জন্য তাকে হা করে তাকিয়ে থাকতে হয় না।

৪. নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন : ৩×১০= ৩০

ক. রোসাঙ্গ-রাজসভা কোথায় অবস্থিত ছিল? বাংলা সাহিত্যের ইতিহাসে এই রাজসভা কেন প্রাসঙ্গিক?

খ. অন্ধকার যুগের সাহিত্যের নিদর্শন সম্পর্কে আলোচনা করুন।

গ. 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির জমিদার চরিত্রের পরিচয় দিন।

ঘ. 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের রোহিনী চরিত্রের বৈশিষ্ট্য ব্যাখ্যা করুন।

ঙ. 'পোস্টমাস্টার' গল্পে রবীন্দ্রনাথের জীবনদর্শনটি কী?

চ. কাজী নজরুল ইসলামের 'রাজবন্দীর জবানবন্দী'র মূল বক্তব্য কী?

ছ. 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের রূপকার্থ ব্যাখ্যা করুন।

জ. মোতাহের হোসেন চৌধুরীর সংস্কৃতি-ভাবনার পরিচয় দিন।

ঝ. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কেন সফল?

ঞ. 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গল্পের মূল বক্তব্য উপস্থাপন করুন।

## বিষয় কোড : ০০২

১. বাংলায় অনুবাদ করুন : ১৫

Explorers and traders have sailed across the world in all kinds of ships. From the ancient trading boats, which relied on muscle and wind power, to the invention of the steamship, ship-building techniques and ways if navigating have changed dramatically. As boats became faster and better, explorer were able to journey farther. They discovered new lands, peoples and opened up new trading routes. Slowly, the map of the world began to grow as land and sea borders were defined and claimed by different countries.

২. বিদেশে পড়াশোনা করে প্রবাসজীবন নির্বাচন এবং বাংলাদেশে লেখাপড়া করে স্বদেশেই অবস্থান করা সম্পর্কে দুই বন্ধুর কথোপকথন বা সংলাপ লিখুন। ১৫

৩. ক. সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার উপর গুরুত্বারোপ করে দৈনিক পত্রিকার চিঠিপত্র কলামে প্রকাশের উদ্দেশ্যে একটি পত্র রচনা করুন। ১৫

অথবা

খ. আপনার এলাকায় নদী ভরাট করে স্থাপনা নির্মাণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রদানের জন্য একটি দরখাস্ত লিখুন। ১৫

৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধকেন্দ্রিক কোনো উপন্যাসের সমালোচনা লিখুন। ১৫

৫. যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন : ৪০

ক. মানবসম্পদ;

খ. বাংলাদেশের নগরায়ণ;

গ. সাইবার অপরাধ;

ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর;

ঙ. চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির।